

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
বাহুবল, হবিগঞ্জ।

[www.bahubal.habiganj.gov.bd](http://www.bahubal.habiganj.gov.bd)



মুজিববর্ষের প্রতিশ্রুতি  
আর্থিক খাতের অগ্রগতি

স্মারক নং- ০৫.৪৬.৩৬০৫.০০২.৯৯.০০১.২০-৭৬২

তারিখ- ২৮/১২/২০২০ খ্রিস্টাব্দ

### নিয়োগ বিজ্ঞপ্তি

“স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১১” এবং “স্থানীয় সরকার(ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা ২০১৫” মোতাবেক বাহুবল উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের পার্শ্বে বর্ণিত ওয়ার্ডে গ্রাম পুলিশ(মহল্লাদার) এর শূন্যপদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে যোগ্যতাসম্পন্ন পুরুষ/মহিলা নিয়োগ করা হবে। নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	ইউনিয়নের নাম	ওয়ার্ড নং	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	নিয়োগ পদ্ধতি
মহল্লাদার	২নং পুটিজুরী ইউনিয়ন	৮	১	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	সরাসরি নিয়োগের মাধ্যমে।
	৩নং সাতকাপন ইউনিয়ন	৬	১		
	৪নং বাহুবল সদর ইউনিয়ন	৮	১		
	৫নং মিরপুর ইউনিয়ন	১	১		
	৬নং মিরপুর ইউনিয়ন	৭	১		
৭নং ভাদেশ্বর ইউনিয়ন	৪	১			

### শর্তাবলীঃ

০১। আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, বাহুবল, হবিগঞ্জ বরাবরে আগামী ২০/০১/২০২১খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সরাসরি অথবা ডাকযোগে দাখিল করতে হবে। খামের উপরে পদের নাম, ওয়ার্ড ও ইউনিয়নের নাম স্পষ্ট অক্ষরে লিখতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত এবং বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

০২। প্রার্থীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও সংশ্লিষ্ট ওয়ার্ড তথা ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। ২৭ ডিসেম্বর, ২০২০খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা কোটা সম্বলিত প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৩। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, জন্মতারিখ, ধর্ম, বয়স, জাতীয়তা পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ নম্বর, শারীরিক যোগ্যতার পরিমাপ (ওজন, উচ্চতা ও বুকের মাপ স্বাভাবিক ও সম্প্রসারণ উল্লেখপূর্বক) শিক্ষাগত যোগ্যতা, মোবাইল নম্বর, অভিজ্ঞতা(যদি থাকে) উল্লেখ করতে হবে।

০৪। শারীরিক যোগ্যতাঃ (ক) পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি; সর্বনিম্ন বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৩০ইঞ্চি; সম্প্রসারিত অবস্থায় ৩২ ইঞ্চি হতে হবে এবং ওজন সর্বনিম্ন ৫০কেজি। (খ) মহিলা প্রার্থীদের ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট; সর্বনিম্ন বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ২৮ইঞ্চি; সম্প্রসারিত অবস্থায় ৩০ ইঞ্চি হতে হবে এবং ওজন সর্বনিম্ন ৪৫কেজি।

০৫। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি দাখিল করতে হবে।

(ক) শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি।

(খ) সংশ্লিষ্ট ওয়ার্ড/ইউনিয়নের নাগরিকত্ব উল্লেখপূর্বক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ।

(গ) সত্যায়িত ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি।

(ঘ) জাতীয় পরিচয়পত্র এবং জন্মনিবন্ধন সনদের সত্যায়িত কপি।

(ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র।

০৬। আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন তথ্য গোপন করে অথবা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে কিংবা কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগাদেশ বাতিল সহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭। মৃত বা অবসরপ্রাপ্ত দফাদার/মহল্লাদারের পুত্র, কন্যা, বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে। এক্ষেত্রে আবেদনকারীকে যথোপযুক্ত প্রমাণপত্র দাখিল করতে হবে।

০৮। “স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫” মোতাবেক

০৯। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনীর ক্ষেত্রে প্রার্থীকে আবেদনপত্রের সাথে তার পিতা/মাতা/পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ফটোকপি যা গেজেটেড কর্মকর্তা (নাম পদবীর সীল স্বাক্ষর সহ) সত্যায়িত করে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।


১০। প্রার্থীকে আবেদনপত্রের সাথে যে কোন তফশিলী ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, বাহবল, হবিগঞ্জ এর অনুকূলে ৩০০/- (তিনশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।

১১। প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা সহ ১০/-টাকার ডাকটিকেট যুক্ত একটি খাম দাখিল করতে হবে।

১২। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতি অনুসরণ করা হবে। কোটার ক্ষেত্রে প্রার্থীকে তার সংশ্লিষ্ট কোটা খামের উপর লিখতে হবে।

১৩। সাক্ষাৎকারের সময় সকল সনদপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে। উল্লেখ্য যে, সাক্ষাৎকারের তারিখ ও সময় পরবর্তীতে জানানো হবে। সাক্ষাৎকারের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। সন্তোষজনক পুলিশী ভেরিফিকেশন রিপোর্ট এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরিতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত বলে বিবেচিত হবে।

  
২৫/১২/২০২০

(মিষ্টা তালুকদার)

উপজেলা নির্বাহী অফিসার

বাহবল, হবিগঞ্জ।

ফোন- ০৮৩২৩-৫৬০০১

ইমেইল- unobahubal@gmail.com

স্মারক নং- ০৫.৪৬.৩৬০৫.০০২.৯৯.০০১.২০-৭৬২(৫০)

তারিখ- ২৮/১২/২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতির জন্য।

১। জেলা প্রশাসক, হবিগঞ্জ।

২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাহবল, হবিগঞ্জ।

৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), হবিগঞ্জ।

বিতরণঃ অবগতি ও কার্যার্থে-

৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাহবল, হবিগঞ্জ।

৬। উপজেলা প্রকৌশলী, বাহবল, হবিগঞ্জ।

৭। অফিসার ইনচার্জ, বাহবল থানা, হবিগঞ্জ।

৮। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বাহবল, হবিগঞ্জ।

৯। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাহবল, হবিগঞ্জ।

১০। উপজেলা ..... কর্মকর্তা, বাহবল, হবিগঞ্জ।

১১। সহকারী প্রোগ্রামার, হবিগঞ্জ (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

বিতরণঃ বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থান, ইউনিয়ন তথ্য বাতায়ন ও হাট-বাজারে বহুল প্রচার করার জন্য অনুরোধ করা হলো।

১২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ(সকল), বাহবল, হবিগঞ্জ।

  
২৫/১২/২০২০

(মিষ্টা তালুকদার)

উপজেলা নির্বাহী অফিসার

বাহবল, হবিগঞ্জ।

ফোন- ০৮৩২৩-৫৬০০১

ইমেইল- unobahubal@gmail.com